

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ দুইটি ইটের উপর বসে প্রাকৃতিক প্রয়োজন পূর্ণ করা

باب مَنْ تَبَرَّزَ عَلَى لَبِنَتَيْنِ

আরবী

الله عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: إِنَّ نَاسًا يَقُولُونَ: إِذَا قَعَدْتَ عَلَى حَاجَتِكَ فَلا تَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلا بَيْتَ الْمَقْدِسِ، لَقَدِ ارْتَقَيْتُ يَوْمًا عَلَى ظَهْرِ بَيْتٍ لَنَا فَرَأَيْتُ رَسُولَ اللَّهِ عَلَى لَبِنَتَيْنِ مُسْتَقْبِلا بَيْتَ الْمَقْدِسِ.

বাংলা

১২০) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ লোকেরা বলতঃ তোমরা যখন প্রাকৃতিক প্রয়োজন পূরণে বসবে, তখন কিবলামুখী হয়ে বসবেনা। এমন কি বায়তুল মাকদিসের দিকেও নয়। ইবনে উমার (রাঃ) বলেনঃ একদা আমি আমাদের কোন একটি ঘরের ছাদের উপর উঠলাম। তখন দেখলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বায়তুল মাকদিসকে সামনে রেখে দু'টি ইটের উপর বসে পায়খানা করছেন।

টিকাঃ মদীনাবাসীগণ বায়তুল মাকদিসকে সামনে রাখলে কাবাঘর পিছনে পড়ে। সে হিসাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাবা ঘরকে পিছনে রেখে হাজত পূর্ণ করছিলেন। যা ইবনে উমার (রাঃ) ঘরের ছাদে উঠে প্রত্যক্ষ করেছেন। বাহ্যিক দৃষ্টিতে আবু আইয়ুবে আনসারীর হাদীছ এবং ইবনে উমারের হাদীছের মধ্যে দন্দ্ব পরিলক্ষিত হয়। মূলতঃ উভয় হাদীছের মধ্যে কোন দন্দ্ব নেই। ইবনে উমার (রাঃ) সম্ভবতঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেয়ালে ঘেরা স্থানে পায়খানা করতে দেখেছিলেন। দেয়ালে ঘেরা জায়গার মধ্যে কিবলামুখী হয়ে কিংবা কিবলাকে পিছনে রেখে হাজত পূর্ণ করাতে কোন অসুবিধা নেই।

English

Defecating while sitting over two bricks

Narrated `Abdullah bin `Umar:

People say, "Whenever you sit for answering the call of nature, you should not face the Qibla or Baitul-Maqdis (Jerusalem)." I told them. "Once I went up the roof of our house and I saw Allah's Apostle answering the call of nature



while sitting on two bricks facing Baitul-Maqdis (Jerusalem) (but there was a screen covering him. ' (Fath-al-Bari, Page 258, Vol. 1).

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৪৭

ইসলামিক সেন্টারঃ ১৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন